

১০৬

নদীপারের এই আষাঢ়ের  
প্রভাতখানি  
নেরে, ও মন, নেরে আপন  
প্রাণে টানি ।

সবুজ নীলে সোনায় মিলে  
যে স্মৃধা এই ছড়িয়ে দিলে,  
জাগিয়ে দিলে আকাশতলে  
গভীর বাণী—

নেরে, ও মন, নেরে আপন  
প্রাণে টানি ।

## গীতাঞ্জলি

এমনি করে' চলতে পথে  
ভবের কূলে  
দুই ধারে যা ফুল ফুটে সব  
নিস্ রে তুলে ।  
সেগুলি তোর চেতনাতে  
গেঁথে তুলিস্ দিবস রাতে,  
প্রতিদিনটি যতন করে'  
ভাগ্য মানি,  
নেরে, ও মন, নেরে আপন  
প্রাণে টানি ॥

২৫শে আষাঢ়, ১৩১৭ ।